# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

## ৫০ দিন পরও নিখোঁজ সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের কোন খোঁজ দিতে পুলিশের ব্যর্থতার দায় কে নেবে!

### হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর গভীর উদ্বেগ

**[২৯ এপ্রিল ২০২০, ঢাকা]** আলোকচিত্র সাংবাদিক ও 'পক্ষকাল' ম্যাগাজিনের সম্পাদক শফিকুল ইসলাম কাজলের সন্ধান মেলেনি এখনো। পুলিশের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাওয়ার দাবি জানানো হলেও নিখোঁজ হওয়ার ৫০ দিন পরও কোনো খোঁজ নেই কাজলের। তাকে খোঁজার জন্য বাস্তবে পুলিশ কি পদক্ষেপ নিয়েছে তার কোনো সুনির্দিষ্ট ব্যাখ্যা নেই। পুলিশের এ ব্যর্থতার কোনো জবাবদিহিতার ব্যবস্থা কি বাংলাদেশে নেই; নাগরিকের জীবনের নিরাপত্তা ও বাক-স্বাধীনতার মতো সাংবিধানিক অধিকার নিশ্চিতে সরকারের এ ক্ষেত্রে কি কোনো ভূমিকা নেই- এ মর্মে প্রশ্ন উত্থাপন করে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দ্রুততার সাথে তাকে খুঁজে বের করে নিরাপদে পরিবারের কাছে ফিরিয়ে দেয়ার দাবি জানাচ্ছে। একই সাথে ফোরাম কাজলের অপহরণসহ তার এই দীর্ঘদিন নিখোঁজ থাকার সাথে সম্পর্কিত সম্ভাব্য বহুমুখী অপরাধের সুষ্ঠু তদন্ত ও জড়িত অপরাধীদের আইনানুগ ন্যায় বিচার নিশ্চিতের জন্য সরকারের প্রতি আহবান জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যসূত্র থেকে জানা যায়, গত ৯ মার্চ রাতে মাগুরা সদও আসনের সংসদ সদস্য সাইফুজ্জামান শিখর ডিজিটাল নিরাপত্তা আইনে মানহানির অভিযোগে নিজে বাদী হয়ে আলোকচিত্র সাংবাদিক শফিকুল ইসলাম কাজলসহ আরো ৩২ জনের বিরুদ্ধে শেরেবাংলা থানায় মামলা দায়ের করেন। তার একদিন পর থেকে কাজলের সন্ধান পাওয়া যাচ্ছে না। পরদিন তার পরিবার চকবাজার থানায় জিডি করে ১৩ মার্চে প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করে কাজলকে সুস্থ অবস্থায় ফেরত দেওয়ার দাবি জানায়। এতদিন পরও এ ঘটনার তদন্তে আর কোনও অগ্রগতি দেখা যাচ্ছে না।

বাংলাদেশের নাগরিকদের মুক্তচিন্তা, বিবেকের স্বাধীনতা ও বাক-স্বাধীনতা সংবিধানে মৌলিক অধিকার হিসেবে স্পষ্টভাবে উল্লেখিত। দুঃখজনকভাবে বিশ্ব সংবাদমাধ্যম স্বাধীনতা সূচকে (ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স) র‍্যাঙ্কিংয়ে ১৮০টি দেশের মধ্যে বাংলাদেশ মিডিয়া নিপীড়নে ১৫১ তম অবস্থানে রয়েছে। সম্প্রতি রিপোর্টার্স উইদাউট বর্ডার (আরএসএফ) ২০২০ সালের সূচক প্রকাশ করে। এইচআরএফবি মনে করে, কাজলকে তুলে নেয়া বা অপহরণের সাথে যেই জড়িত থাকুক না কেন তার নিখোঁজ হওয়ার বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে দ্রুততার সাথে তাকে খুঁজে বের করা জরুরি এবং এ দায়িত্ব আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর। কাজলকে খুঁজে বের করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কি কি পদক্ষেপ গ্রহণ করেছে তা জনসম্মুখে প্রকাশ করার আহবান জানাচ্ছে ফোরাম। পুলিশ বাহিনীসহ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলি করোনাভাইরাস সংক্রমন রোধে দায়িত্ব পালনে ব্যস্ত আছে, কিন্তু কোন নাগরিক নিখোঁজ হয়ে যাওয়ার মত গুরুতর মানবাধিকার লংঘনের ঘটনার প্রতিও আইন-শৃঙ্খলা বাহিনীর গুরুত্ব সহকারে নজর দিতে হবে বলে ফোরাম মনে করে। অন্যথা প্রশ্ন উঠবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বা সরকারের সাথে সংশ্লিষ্ট কোনো প্রভাবশালী মহল এ অপরাধের সাথে জড়িত কিনা বা অপরাধীদের সুরক্ষা দিচ্ছে কিনা। এইচআরএফবি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও প্রশাসনের কাছে জরুরী ভিত্তিতে সাংবাদিক কাজলকে খুঁজে বের করার দাবি জানাচ্ছে।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187
Email: ask@citechco.net web: www.askbd.org
**Experts:**
Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).